ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০৭

আগরতলা,১০ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘ডাক্তারের কোয়ার্টার প্রাইভেট চেম্বার,’’ এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ সন্দীপ দেব, মেডিক্যাল অফিসার ডাঃ বিমল দাস এবং ডাঃ দিপাল চাকমাকে কদমতলা সিএইচসি-র সরকারি কোয়ার্টারে প্রাইভেট প্র্যাকটিস করার বিষয়ে কেন তাদের বিরুদ্ধে ডিসিপ্লিনারি প্রসিডিংস শুরু হবে না তার ব্যাখ্যা তিনদিনের মধ্যে দিতে গত ৮ সেপ্টেম্বর, ২০২৫, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা কর্তৃক ইস্যু করা মেমোরেনডামে বলা হয়েছে। সরকারি নিয়ম অনুসারে কোনও মেডিক্যাল অফিসার সরকারি অধিকৃত জমিতে, সরকারি কোয়ার্টার বা সরকারি বাসস্থানে প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না।

*****